## আবাসন

<u>ভাড়া প্রদানকারীদের জন্য:</u>

1. **উচ্ছেদ:** <u>আপনার বাড়িওয়ালা আদালতের প্রক্রিয়ায় না গিয়ে আপনাকে আপনার অ্যাপার্টমেন্ট থেকে উচ্ছেদ করতে পারেন না।</u> তারা তালা পালটাতে বা আপনাকে বের করে দিতে পারেন না। বাড়িওয়ালা যদি নিজেই আপনাকে উচ্ছেদ করতে চেষ্টা করেন তাহলে পুলিশ ডাকুন।

2. **মেরামত:** আপনার এমন একটি সুরক্ষিত বাড়ি পাওয়ার অধিকার আছে, যা কাউন্টি ও রাজ্যের সমস্ত আবাসন বিধির বাধ্যবাধকতাগুলি মেনে চলে। মেরামতের অনুরোধগুলি আপনার বাড়িওয়ালাকে লিখিতরূপে জানাতে হবে। <u>আপনার সর্বদাই সঠিক সময়ে ভাড়া মেটানো উচিত।</u> তবে আপনার বাড়িওয়ালা যদি মেরামত করতে অস্বীকার করেন তাহলে আপনি একটি আদালতকে অনুরোধ করতে পারেন যে, যত দিন মেরামতগুলি না করা হচ্ছে ততদিন পর্যন্ত আপনাকে যেন একটি বিশেষ, পৃথক অ্যাকাউন্টে ভাড়া প্রদানের অনুমতি দেওয়া হয়।

3. **সুরক্ষার জন্য জমা (সিকিওরিটি ডিপোজিট):** আপনি অ্যাপার্টমেন্ট ছেড়ে যাওয়ার সময়ে আপনার সিকিওরিটি ডিপোজিট সম্পূর্ণ (3% সুদের সাথে) ফেরত পাওয়ার অধিকার আছে। বাড়িওয়ালা যদি বেআইনীভাবে আপনার ডিপোজিট আটকে রাখেন, তাহলে আপনি এর তিনগুণ অর্থ পাওয়ার যোগ্য হতে পারেন।

4. **বিনামূল্যের আইনী পরামর্শ।** আপনার বাড়িওয়ালার সাথে কোনো সমস্যা হলে আপনি বিনামূল্যে আইনী পরামর্শ ও সহায়তার জন্য APALRC কে ফোন করতে পারেন। (202) 393-3572.

### <u>যে সকল বাড়িমালিক বন্ধক রাখা সম্পত্তি হারাতে চলেছেন বা এর ঝুঁকির মুখে পড়েছেন:</u>

1. **অপেক্ষা করবেন না। অবিলম্বে সাহায্য চান।** আপনার কোনো অর্থপ্রদান বাকি পড়ার আগেই সাহায্য চান।

2. **আপনার ঋণদাতা/লোন অফিসারের সাথে যোগাযোগ করুন।**

3. **নিম্নলিখিত নথিগুলি তৈরি রাখুন।**

•নিষ্পত্তির (সেট্‌লমেন্ট) কাগজ • ঋণদাতার নোটিশ ও চিঠিগুলি • ঋণদাতার সাম্প্রতিক বিবৃতি (স্টেটমেন্ট) • সাম্প্রতিক অর্থপ্রদানের রসিদ • সমস্ত ঋণের বিবৃতি (স্টেটমেন্ট) (ডেবিট কার্ড, ঋণ, বিল)।

<u>**মেরিল্যান্ডে বন্ধক রাখা সম্পত্তি বাজেয়াপ্ত করা (ফোরক্লোজার) সংক্রান্ত সহায়তা:**</u>
**মেরিল্যান্ড ফোরক্লোজার লিগাল অ্যাসিস্ট্যান্স প্রোজেক্ট**
(800) 444-4099
**মেরিল্যান্ড H.O.P.E. হটলাইন**
(877) 462-7555

## সংস্থানসমূহ

<u>**আইনী পরিষেবা / অভিবাসন:**</u>

- **APALRC**: 202-393-3572

<u>**স্বাস্থ্য ও কল্যাণ:**</u>

- **AAHI পেশেন্ট নেভিগেটর প্রোগ্রাম:** 301-760-4993
- **(দক্ষিণ) এশীয় ও ভারতীয়দের সহায়তাকারী কাউন্সেলরগণ:** 443-615-1355

<u>**পারিবারিক / ঘরোয়া সহিংসতা সংক্রান্ত পরিষেবাসমূহ:**</u>

- **ASHA ফর উইমেন হেল্পলাইন:** 888-417-2742
- **A/PI DVRP হেল্পলাইন:** 888-417-2742

<u>**ফোরক্লোজার / ক্রেডিট কাউন্সেলিং:**</u>

- **মন্টগোমারি কাউন্টি ক্রেডিট কাউন্সেলিং হটলাইন:** (877) 254-1097
- **মেরিল্যান্ড H.O.P.E. হটলাইন:** (877) 462-7555

<u>**সরকারী কর্মসূচি:**</u>

- **মন্টগোমারি কাউন্টি ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস:** (240) 777-1245| **www.marylandsail.org**
- **নেইবারহুড সার্ভিস সেন্টার্স:**
  301-840-4080 (গেথার্সবার্গ)
  301-942-1790 (হুইটন)

<u>**চাকরির প্রশিক্ষণ:**</u>

- **মন্টগোমারি ওয়ার্কস:** 301-946-1806

APA LRC

**এশিয়ান প্যাসিফিক আমেরিকান লিগাল রিসোর্স সেন্টার**
**আইনী হেল্পলাইন: 202-393-3572**
হিন্দী/উর্দু/গুজরাটি: এক্সটেনশন 19
ভিয়েতনামিজ: এক্সটেনশন 20
ইংরেজী /অন্যান্য: এক্সটেনশন 22

*অনুগ্রহ করে আপনার নাম ও নম্বর সমেত একটি বিস্তারিত বার্তা রাখুন, কোনো একজন ব্যক্তি আপনার ভাষায় আপনার সাথে যোগাযোগ করবেন।*

saalt
SOUTH ASIAN AMERICANS LEADING TOGETHER

**সাউথ এশিয়ান আমেরিকান্স লীডিং টুগেদার**
6930 Carroll Ave, Suite 506
Takoma Park, MD 20912
ফোন : 301-270-1855

**BANGLA**

# মন্টগোমারি কাউন্টি সংস্থানসমূহ

*আপনার কি নিম্নলিখিত বিষয়ে তথ্য প্রয়োজন...*



❑ *সামর্থ্যের মধ্যে স্বাস্থ্যসেবা?*

❑ *চাকরির প্রশিক্ষণের সংস্থান?*





❑ *সরকারী কর্মসূচির জন্য আবেদন করা?*

❑ *আবাসনের সমস্যা?*



## স্বাস্থ্যসেবা

***''আমার বিমা নেই অথবা আমার প্রয়োজনীয় সেবা আমার স্বাস্থ্য বিমার আওতাভুক্ত নয়। আমি কি সরকারী চিকিৎসা সহায়তা পাওয়ার যোগ্য?''***

আপনি মেডিকেইড এর জন্য আবেদন করতে পারেন, এটি হল একটি চিকিৎসাগত সহায়তার কর্মসূচী। মেডিকেইড এর জন্য যোগ্য হতে গেলে আপনাকে অবশ্যই ইউ.এস. এর নাগরিক অথবা কমপক্ষে 5 বছর যাবত বৈধ স্থায়ী বাসিন্দা হতে হবে। আপনার পারিবারিক আয়ের উপরেও যোগ্যতা নির্ভর করে। মেডিকেইড এর ব্যাপারে আরো জানা বা আবেদন করার জন্য 240-777-1245 নম্বরে যোগাযোগ করুন বা অনলাইনে **www.marylandsail.gov** এ আবেদন করুন।

***''আমার বৈধ নথিপত্র নেই কিন্তু আমার সন্তানরা ইউ.এস.-এ জন্মেছে। তারা কি চিকিৎসা সহায়তা পাওয়ার যোগ্য?''***

হ্যাঁ, এমন কি আপনার যদি বৈধ নথিপত্র না থাকে তাহলেও আপনার সন্তানরা যদি ইউ.এস. এর নাগরিক হয় তাহলে তারা **মেরিল্যান্ড চিলড্রেন্স হেল্থ ইনসিওরেন্স প্রোগ্রাম (MCHIP)** এর জন্য যোগ্য হতে পারে, যদি আপনি আয়ের বাধ্যবাধকতাটি পূরণ করেন। **মনে রাখবেন:** আপনি যদি DSS -কে জানান যে আপনি নিজের জন্য সুবিধা পাওয়ার আবেদন করছেন না, তাহলে DSS এর আপনাকে আপনার অভিবাসনের অবস্থা সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করা উচিত নয়। কাউকে বলবেন না যে আপনার ''নথিপত্র নেই'' বা আপনি ''বেআইনী''। ভুয়ো নাম বা ভুয়ো সোশ্যাল সিকিওরিটি নম্বর ব্যবহার করবেন না।

***''আমি যদি চিকিৎসা সহায়তা কর্মসূচির জন্য যোগ্য না হই তাহলে আমি স্বাস্থ্যসেবার জন্য কোথায় যেতে পারি?''***

**এশিয়ান আমেরিকান হেলথ ইনিশিয়েটিভ পেশেন্ট নেভিগেটর প্রোগ্রাম** একটি বিনামূল্যের টেলিফোন হটলাইন প্রদান করে, এটি সেই সমস্ত ক্লিনিকের ব্যাপারে তথ্য দিতে পারে যেখানে বিনামূল্যে বা কম খরচে চিকিৎসা সেবা দেওয়া হয়। এই ক্লিনিকগুলিতে যোগ্য রোগীদের জন্য অনুবাদের পরিষেবাও দেওয়া হয়। টেলিফোন অপারেটররা চীনা, হিন্দী/উর্দু, কোরিয়ান ও ভিয়েতনামিজ ভাষায় অনর্গল কথা বলতে পারেন।

**পেশেন্ট নেভিগেটর প্রোগ্রাম :** 301-760-4993

## কর্মহীনতা

***''আমি এইমাত্র চাকরি হারিয়েছি, এবং কাজের সন্ধান করছি। আমি কী করতে পারি?''***

**আপনি কর্মহীনতা বিমার জন্য আবেদন করতে পারেন,** এটি হল নিয়োগকর্তাদের দ্বারা অর্থপ্রদত্ত একটি কর্মসূচি যা কর্মহীন ও কর্মপ্রার্থী ব্যক্তিদের সুবিধা দেয়। যে সকল নথিভুক্ত অভিবাসী ব্যক্তির নিয়োগকর্তা এই সিস্টেমে অর্থ প্রদান করেছিলেন, তারা এর সুবিধা সংগ্রহ করতে পারেন।

**কর্মহীনতার জন্য আবেদন করা একটি দুই-ধাপের প্রক্রিয়া।**

1. **প্রথমে, আপনি কর্মহীনতা বিমার** অনুরোধ করার জন্য একটি প্রাথমিক দাবি জমা দেবেন। প্রাথমিক দাবি জমা দিতে হলে আপনাকে অবশ্যই কর্মহীন হতে হবে অথবা আংশিক সময়ের কাজ করতে হবে (এবং পূর্ণ সময়ের চাকরি খুঁজে পেতে অসমর্থ হতে হবে)।
2. **দ্বিতীয়ত, আপনি চলমান নিরন্তর দাবি জমা দেবেন।** আপনার প্রাথমিক দাবিটি প্রতিষ্ঠিত হওয়ার পরে, আপনাকে অবশ্যই কর্মহীন থাকার প্রত্যেক সপ্তাহের জন্য একটি নিরন্তর দাবি জমা দিতে হবে, হয় ইন্টারনেটে (ওয়েবসার্ট) অথবা টেলিফোনে (টেলিসার্ট)। **আপনি যদি এই নিরন্তর দাবিগুলি জমা না দেন, তাহলে আপনাকে টাকা দেওয়া হবে না।**

আপনার কোনো সমস্যা থাকলে বা অর্থ দিতে অস্বীকার করা হলে, APALRC আইনী হেল্পলাইনে কল করুন (''সংস্থানসমূহ'' বিভাগে নম্বরগুলির তালিকা দেওয়া আছে)।

**মন্টগোমারি ওয়ার্কস (চাকরির প্রশিক্ষণের সংস্থানসমূহ):**

**হুইটন:** 301-946-1806
*Westfield Mall*, South Office Building, 1st floor
11002 Veirs Mill Road, Wheaton, MD 20902

**গেথার্সবার্গ:** 301-519-8253
*Lakeforest Mall*, 2nd Level
701 Russell Avenue, Gaithersburg, MD 20877

**জার্মানটাউন**: 240 777-2050
12900 Middlebrook Road, Germantown, MD 20874

ওয়েবসাইট: **http://www.montgomeryworks.com**

## অন্যান্য সরকারী সহায়তা

**ফুড স্ট্যাম্পস**

***''আমার নিজের বা পরিবারের জন্য খাবারের দাম মেটাতে সমস্যা হচ্ছে। আমাকে সাহায্য করার জন্য কোনো কর্মসূচি আছে কি?''***

আপনি **ফুড স্ট্যাম্পস** এর জন্য আবেদন করতে পারেন, এই কর্মসূচিটি ব্যক্তি ও পরিবারগুলিকে তাদের প্রয়োজনীয় খাবার কিনতে সাহায্য করে।

**আমি কি এর যোগ্য?**

মেরিল্যান্ডে ফুস ট্যাম্পস এর জন্য যোগ্য হতে হলে আপনাকে অবশ্যই ইউ.এস. এর নাগরিক অথবা কমপক্ষে 5 বছর যাবত বৈধ স্থায়ী বাসিন্দা হতে হবে। আপনার পারিবারিক আয় ও সম্পত্তির উপরেও যোগ্যতা নির্ভর করে। $2,000 এর বেশি সঞ্চয় বা লগ্নি (যদি আপনার বা পরিবারের একজন সদস্যের বয়স 60 বছরের বেশি হয় অথবা কোনো প্রতিবন্ধকতা থাকে তাহলে ($3,000) আছে এমন কোনো ব্যক্তি এর যোগ্য নন।

**টেম্পোরারি ক্যাশ অ্যাসিস্ট্যান্স (অস্থায়ী নগদ সহায়তা) (TCA)**

***''আমার বাচ্চাদের জন্য বুনিয়াদী প্রয়োজনগুলির মুল্য দেওয়ার ক্ষেত্রে আমার সাহায্য প্রয়োজন। আমাকে সাহায্য করার জন্য কোনো কর্মসূচি আছে কি?''***

আপনার যদি 18 বছরের কম বয়সী একটি শিশু থাকে তাহলে আপনি **টেম্পোরারি ক্যাশ অ্যাসিস্ট্যান্স (TCA)** এর জন্য আবেদন করতে পারেন।

**আমি কি এর যোগ্য?**

মেরিল্যান্ডে TCA এর জন্য যোগ্য হতে গেলে আপনাকে অবশ্যই ইউ.এস. এর নাগরিক অথবা কমপক্ষে 5 বছর যাবত বৈধ স্থায়ী বাসিন্দা হতে হবে। আপনার পারিবারিক আয়ের উপরেও যোগ্যতা নির্ভর করে। সকল আবেদনকারীকে, সুবিধার জন্য আবেদন করার দিন থেকে শুরু করে কর্মরত থাকতে হবে।

***''আমি কীভাবে ফুড স্ট্যাম্পস ও TCA এর জন্য আবেদন করব?''***

মন্টগোমারি কাউন্টি **ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস** এ 240-777-1245 নম্বরে যোগাযোগ করুন বা **www.marylandsail.org** এ অনলাইনে আবেদন করুন।